



- ড. এ কে এম মিজানুর রহমান, পাবনা জেলার সাঁথিয়া উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৭৪ সালের ৫ জানুয়ারী জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম ডা. এম ওসমান গণি এবং মাতা বেগম রাবেয়া ওসমান। তিনি মাতা পিতার ৪র্থ সন্তান।
- ড. এ কে এম মিজানুর রহমান “বঙ্গবন্ধু ফেলোশিপ অন সাইন্স এন্ড আইসিটি” শীর্ষক প্রকল্পের আওতায় বৃত্তি নিয়ে ২০১২ সালের জুলাই মাসে মালয়েশিয়ার মাল্টিমিডিয়া ইউনিভার্সিটিতে পিএইচডি গবেষণার কাজ শুরু করেন এবং ২০১৬ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।
- ড. এ কে এম মিজানুর রহমান রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞানে বি.এসসি (সম্মান) এবং এম.এসসি ডিগ্রি লাভ করেন। এম.এসসি-তে প্রথম শ্রেণীতে প্রথম হওয়ার স্বীকৃতি স্বরূপ “বিশ্ববিদ্যালয় পুরস্কার” এ ভূষিত হন।
- তিনি ২০০৩ সালে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালাইড সায়েন্সেস, ময়মনসিংহে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে স্বাস্থ্য পদার্থ বিজ্ঞান বিভাগ, পরমানু শক্তি কেন্দ্র, ঢাকাতে কর্মরত আছেন।